



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
শিক্ষা ভবন (২য় ব্লক), ঢাকা।
www.eedmoe.gov.bd



বিষয়: মহান বিজয় দিবস, ২০২২ উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ দেলোয়ার হোসেন মজুমদার, প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর।

সভার স্থান : সভাকক্ষ, প্রধান কার্যালয়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর

তারিখ ও সময় : ১২/১২/২০২২ খ্রিঃ, সকাল ১০.৩০ ঘটিকা।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বলেন, মহান বিজয় দিবস আমাদের জাতীয় জীবনের অন্যতম গৌরবময় দিন। ১৯৭১ সালে ০৯ মাসব্যাপী রক্তক্ষয়ী যুদ্ধের মাধ্যমে ৩০ লক্ষ শহিদের আত্মদান ও ২ লক্ষ মা-বোনের সন্তানের বিনিময়ে এবং অগণিত মানুষের ত্যাগ ও সংগ্রামের ফলস্বরূপ ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে চূড়ান্ত বিজয় অর্জিত হয়। তিনি প্রতি বছরের ন্যায় যথাযোগ্য মর্যাদার সাথে দিবসটি উদযাপনের জন্য এ অধিদপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারীকে কর্মসূচিসমূহে স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ এবং অর্পিত স্ব স্ব দায়িত্ব যথাযথভাবে পালনের উপর গুরুত্বারোপ করেন। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন ও অর্থ) কর্তৃক দিবসটি পালন উপলক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় ও স্টিয়ারিং কমিটির সভার ও শিক্ষা মন্ত্রণালয়ের কার্যবিবরণীতে শিক্ষা প্রকৌশল অধিদপ্তর সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ পাঠ করা হয়। অতঃপর মহান বিজয় দিবস, ২০২২ যথাযথ মর্যাদায় উদযাপন এর জন্য শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কর্মসূচি চূড়ান্তকরণের লক্ষ্যে উপস্থিত সদস্যবৃন্দ মতামত প্রদান করে। সভার বিস্তারিত আলোচনাতে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

ক্রমিক নং	আলোচ্যসূচি ও সময়	সিদ্ধান্ত	বাস্তবায়নে/ব্যবস্থা গ্রহণে
১	জাতীয় পতাকা উত্তোলন সময়: সকাল ৬.৩০ টায়	মহান বিজয় দিবস যথাযথ মর্যাদায় উদযাপনের অংশ হিসেবে ১৬ ডিসেম্বর ২০২২ তারিখ সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলনের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। জনাব জরজিসুর রহমান সহকারী প্রকৌশলী (যান্ত্রিক)
২	ড্রপডাউন ব্যানার ও অন্যান্য ব্যানার প্রস্তুত	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর উল্লেখযোগ্য উক্তি/উদ্ধৃতি, জাতির পিতার ছবি, জাতীয় স্মৃতিসৌধ, বীরশ্রেষ্ঠদের ছবি সম্বলিত ড্রপডাউন ব্যানার প্রদর্শন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। জনাব মোঃ জাফর আলী সিকদার, সহকারী প্রকৌশলী (সিভিল), ২। জনাব মোঃ আব্দুর রহিম রাসেল উপসহকারী প্রকৌশলী, ৩। জনাব মোঃ আবু সাঈদ আকন্দ উপসহকারী প্রকৌশলী, ৪। জনাব মোঃ মিজানুর রহমান উপসহকারী প্রকৌশলী
৩	পুষ্পস্তবক অর্পণ সময়: সকাল ৬.৪৫ টায়	মহান বিজয় দিবস ২০২২ উদযাপন উপলক্ষ্যে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের পক্ষ হতে জাতির পিতার প্রতিকৃতি ও শিক্ষা ভবন প্রাঙ্গণের শহিদ বেদীতে পুষ্পস্তবক অর্পণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। জনাব মোঃ ইমরান হোসাইন খান, সহকারী প্রকৌশলী (সিভিল), ২। জনাব মোঃ গোলাম সাব্বান, সহকারী প্রকৌশলী, ৩। জনাব মোঃ আব্দুল আজিজ, উপসহকারী প্রকৌশলী

১০/১

১০/১

১০/১

১০/১